



দিশা'য় নিয়োগ বিজ্ঞপ্তি

ডেভেলাপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) জাতীয় পর্যায়ে একটি বেসরকারি উন্নয়ন সংস্থা (এমআরএ সনদ নং-০১৩০৬-০০৪৮০-০০০২৪) গত ২৯ বছর যাবৎ দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্রঋণ এবং অন্যান্য উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি বর্তমানে দেশের ১৯ টি জেলায় ১০২ টি শাখার মাধ্যমে দরিদ্র জনসাধারণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে “ক্ষুদ্রঋণ” এর পাশাপাশি “ কমিউনিটি লাইব্রেরী ও জ্ঞান চর্চার মাধ্যমে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে ‘আলোঘর কার্যক্রম, কৃষি ও পরিবেশ উন্নয়নে নার্সারি কার্যক্রম, দুগ্ধ উৎপাদন বৃদ্ধির জন্য ও এ পেশায় নিয়োজিত কৃষক/ব্যবসায়ীদের উন্নয়নের লক্ষ্যে ডেইরি এন্ড লাইভস্টক ডেভেলাপমেন্ট কার্যক্রম, দেশে ও বিদেশে কর্মসংস্থানের জন্য দক্ষতা উন্নয়ন মূলক শিক্ষা কার্যক্রম (টেকনিক্যাল ট্রেনিং), নিজস্ব কর্মীদের এবং অন্যান্য প্রতিষ্ঠানের প্রশিক্ষণের জন্য আবাসনসহ উন্নতমানের প্রশিক্ষণ কেন্দ্র, কমিউনিটি ভিত্তিক স্বাস্থ্য কর্মসূচী ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করছে”। বর্তমানে পিকেএসএফ ও বিভিন্ন সরকারি-বেসরকারি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় পরিচালিত ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের যে কোন অঞ্চলে গ্রামীণ জনগোষ্ঠির সাথে কাজ করতে আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত পদে নিয়োগ করা হবে। নির্বাচিত প্রার্থীদের সরাসরি মাঠ পর্যায়ে সমিতি গঠনের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠির মধ্যে ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় কার্যক্রম পরিচালনা করতে হবে।

| পদের সংখ্যা ও বয়স | ক্রঃ নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | বেতন ও ভাতাদি | | |
|----------------------|---------|----------------------------------|------------------------|--------------------|----------------------|-----------------|
| | | | | প্রশিক্ষণকাল ১ মাস | শিক্ষানবীশ কাল ৬ মাস | স্থায়ীকরণের পর |
| মোট ৩০০ টি ২২-৩২ বছর | ০১ | সিনিয়র ফ্রেডিট অফিসার- গ্রেড-০৩ | মাস্টার্স ডিগ্রী | ১৫,০০০/- | ১৭,৫০০/- | ২০,০০০/- |
| | ০২ | ফ্রেডিট অফিসার গ্রেড-০১ | স্নাতক (সম্মান) ডিগ্রী | ১৪,০০০/- | ১৬,৫০০/- | ১৯,৩৬০/- |
| | ০৩ | ফ্রেডিট অফিসার গ্রেড-০২ | স্নাতক | ১৩,০০০/- | ১৫,৫০০/- | ১৮,৪৬০/- |

সংস্থায় কর্মীদের জন্য পিএফ, পিএফ এর বিপরীতে ঋণের সুবিধা, স্থায়ীকরণ ৫ বছর পূর্ণ হলে গ্রাচুইটি, বছরে ২০ দিন স্ববেতনে অর্জিত ছুটি, চিকিৎসা ও বীমা সুবিধা, বছরে ২ টি উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা, লং সার্ভিস বেনিফিট, বিবাহভাতা, মোবাইল বিল, স্ববেতনে ৬ (ছয়) মাস মাতৃত্বকালীন ছুটি, পিতৃত্বকালীন ছুটি, বছরে ১২ দিন স্ববেতনে নৈমিত্তিক ছুটি, বছরে ১৫ দিন স্ববেতনে মেডিকেল ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধা বিদ্যমান (যেমন, কাজের মূল্যায়নের ভিত্তিতে বিভিন্ন ধরনের প্রণোদনা)। আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র (NID) এর ফটোকপি, সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি ও মোবাইল নাম্বারসহ দরখাস্ত আগামী ২০.০২.২০২২ তারিখের মধ্যে পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) দিশা, ই/১০, বর্ধিত পল্লবী, মিরপুর সাড়ে এগার, ঢাকা-১২১৬ এই ঠিকানায় ডাকযোগে প্রেরণ করতে হবে। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

শর্তাবলীঃ

- ১। নির্বাচিত প্রার্থীদের মাঠ পর্যায়ে দায়িত্ব পালনের জন্য অবশ্যই বাই-সাইকেল/মোটর সাইকেল ব্যবহার করতে হবে।
- ২। যোগদানের সময় ফেরতযোগ্য জামানত বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা দিতে হবে।
- ৩। যোগদানের সময় নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত নিশ্চয়তাকারী কর্তৃক নিশ্চয়তা প্রদান করতে হবে।

“বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইট www.disabd.org তে দেখা যেতে পারে”।